

সেহা নং ২(৩৭৪) ডি এইচ ই/ইউ ডি সি এ/২০১৫

তারিখ: ৬ জুন ২০১৬


ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরার সাধারণ ডিগ্রী কলেজে ভর্তি হতে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক (১০+২)/সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো হচ্ছে যে, নিম্নোক্ত নির্ঘণ্ট অনুসারে ত্রিপুরার সকল সাধারণ ডিগ্রী কলেজে ২০১৬-১৭ ইং শিক্ষা বর্ষে বিভিন্ন অনার্স এবং পাশ কোর্সে বি এ/বি এস সি/বি কম প্রথম বর্ষে প্রথম সেমিস্টার এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সূচী অনুযায়ী (কলেজ ছুটির দিন ব্যতীত সকাল ১১টা হইতে বিকাল ৩টা পর্যন্ত) ভর্তির দরখাস্ত সংগ্রহ এবং অন্যান্য নিয়মাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

১) ভর্তির দরখাস্ত বিতরণ ও পূরণ করা ১ দরখাস্ত জমার তারিখ	:	১৬-০৬-২০১৬ ইং হইতে ২০-০৬-২০১৬ ইং
২) কলেজ কর্তৃক দরখাস্ত পরীক্ষার তারিখ	:	২১-০৬-২০১৬ ইং হইতে ২৮-০৬-২০১৬ ইং
৩) মেধা অনুসারে নির্বাচিত এবং অপেক্ষমান ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশের তারিখ	:	৩০-০৬-২০১৬ ইং
৪) ভর্তির তারিখ	:	০১-০৭-২০১৬ ইং হইতে ১১-০৭-২০১৬ ইং ১) কলেজ কর্তৃক (বিজ্ঞপিত) নির্ধারিত ভর্তির সূচী অনুসারে ভর্তি হবে এবং ২) ০১-০৭-২০১৬ ইং হইতে ০৪-০৭-২০১৬ ইং (কনফার্ম লিস্ট এর ছাত্র-ছাত্রীদের জন্য) এবং ০৫-০৭- ২০১৬ ইং থেকে ১১-০৭-২০১৬ ইং (অপেক্ষমান ছাত্র- ছাত্রীদের জন্য)।
৫) ক্লাশ শুরু হবে	:	১৫-০৭-২০১৬ ইং

বিশেষ দ্রষ্টব্য :-

- ১) একজন ছাত্র বা ছাত্রী একাধিক কলেজে দরখাস্ত জমা দিতে এবং নির্বাচিত হতে পারে, কিন্তু সে একাধিক কলেজে ভর্তি হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
- ২) ছাত্র-ছাত্রীরা ভর্তির ফরম www.highereducation.tripura.govt.in থেকে download করে জমা দিতে পারবে। যে সমস্ত কলেজের ভর্তির নিয়মাবলী website এ দেওয়া আছে, ছাত্র-ছাত্রীরা সেটা অনুসরণ করে ফরম পূরণ করতে পারবে।
- ৩) ভর্তির ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত (বিজ্ঞপ্তি) সুনির্দিষ্ট সূচী অনুসারে ভর্তি নেওয়া হবে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের অবশ্যই সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে সময়মত পদক্ষেপ নিতে হবে।
- ৪) কলেজ কর্তৃক কনফার্ম লিস্ট জানিয়ে দেওয়া হবে। সেই আনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হবে।
- ৫) অনার্স এর ক্ষেত্রে দুইটির বেশী বিষয়ে অগ্রাধিকার (প্রেফারেন্স) দেওয়া যাবে না।
- ৬) ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই Original School Leaving Certificate জমা দিতে হবে।


উচ্চশিক্ষা দপ্তর
আগরতলা, ত্রিপুরা